



বাংলাদেশ ব্যাংক
হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১
(রিক্রুটমেন্ট এন্ড আউটসোর্সিং উইং)
প্রধান কার্যালয়
ঢাকা।



বিজ্ঞপ্তি নং : ২৪/২০২০

তারিখ : ২৮ ফাল্গুন, ১৪২৬
১২ মার্চ, ২০২০

বাংলাদেশ ব্যাংকে 'সহকারী পরিচালক (জেনারেল)' পদে নিয়োগের উদ্দেশ্যে আবেদনকারী প্রার্থীদের **MCQ Test** ও লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র ডাউনলোড করা প্রসঙ্গে।

বাংলাদেশ ব্যাংকে 'সহকারী পরিচালক (জেনারেল)' পদে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে গত ০১/১২/২০১৯ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি নং- ৫৬/২০১৯ এর সূত্রে MCQ Test ও লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে আবেদনকারী প্রার্থীদের মধ্য হতে প্রাথমিকভাবে যোগ্য বিবেচিত প্রার্থীদের প্রবেশপত্র বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইটে (<https://erecruitment.bb.org.bd>) আপলোড করা হয়েছে।

০২। পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু প্রার্থীদেরকে ১৫/০৩/২০২০ তারিখ হতে ০৫/০৪/২০২০ তারিখের মধ্যে উল্লিখিত ওয়েবসাইট হতে প্রবেশপত্র সংগ্রহের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে। ত্রুটিযুক্ত আবেদনপত্রের সংশ্লিষ্ট প্রার্থীদের ই-মেইল করা হয়েছে। তারা ২৩/০৩/২০২০ তারিখের মধ্যে ত্রুটি সংশোধনপূর্বক ২৫/০৩/২০২০ তারিখ হতে ০৫/০৪/২০২০ তারিখের মধ্যে প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন।

০৩। পরীক্ষার তারিখ, সময় এবং কেন্দ্রের নাম ও ঠিকানা পরবর্তীতে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট এবং জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

০৪। নির্ধারিত তারিখের পরে প্রবেশপত্র ডাউনলোডের কোনো সুযোগ থাকবে না।

স্বাক্ষরিত/-
(কাজী আকতারুল ইসলাম)
মহাব্যবস্থাপক